গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৫ - জুন ৩০, ২০১৬



মুদ্রণ তারিখ: রবিবার , অক্টোবর ১১, ২০১৫

## সূচিপত্র


মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........................................ ৩

প্রস্তাবনা ........................................ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ................ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........................................ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........................................ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........................................ ১৬

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........................................ ১৭

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........................................ ২০

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (০৩ বছর) প্রধান প্রধান অর্জন:**

সাম্প্রদায়িক সম্প্রীতি ও ধর্মীয় মূল্যবোধ প্রতিষ্ঠার সাংবিধানিক অধিকার এবং সকল ধর্মাবলম্বীর সমউন্নয়ন নিশ্চিত করে একটি অসাম্প্রদায়িক সুখী সমৃদ্ধ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কাজ করে যাচ্ছে। জাতীয় উন্নয়নের মূল স্রোতধারায় ধর্মীয় নেতৃবৃন্দকে সম্পৃক্ত করা, নারীর ক্ষমতায়ন ও নারীর প্রতি সহিংসতারোধে দেশ ইতোমধ্যে অভূতপূর্ব সফলতা অর্জন করেছে। সরকার ঘোষিত রূপকল্প ২০২১ বাস্তবায়নের লক্ষ্যে ন্যায়ভিত্তিক, দুর্নীতিমুক্ত ও শুদ্ধাচারী রাষ্ট্র ও সমাজ প্রতিষ্ঠার লক্ষ্যে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক স্বচ্ছতা ও দ্রুততার সাথে মানসম্মত সেবা নিশ্চিতকরণের জন্য নানামুখী কার্যক্রম গৃহীত হয়েছে। ই-হজ ব্যবস্থাপনার আওতায় অনলাইনে হজযাত্রীদের রেজিস্ট্রেশন কার্যক্রম শুরু করা হয়েছে। হজ ফ্লাইটের তথ্য, মক্কা ও মদিনায় আবাসন, হজ এজেন্ট সমূহের সৌদি আরবে ব্যাংক হিসাব খোলা, চিকিৎসা সেবায় কিওস্ক মেশিনের প্রবর্তনসহ প্রতিটি স্তরে ডিজিটাল পদ্ধতির সাহায্য নেয়া হয়েছে। এছাড়া ওয়েবসাইট ভিত্তিক আল-কোরআন ডিজিটাল কর্মসূচি বাস্তবায়ন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অন্যতম সাফল্য। উক্ত ওয়েবসাইটের মাধ্যমে পৃথিবীর যেকোন প্রান্ত হতে অনলাইনে আল-কোরআন পঠন ও শ্রবণ সম্ভব। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং সংযুক্ত দপ্তর/সংস্থাসমূহের সাথে সামাজিক যোগাযোগের জন্য ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপন করা হয়েছে। নাগরিক সেবা বৃদ্ধির লক্ষ্যে ফেইসবুকে মন্ত্রণালয়ের নিজস্ব ফেইসবুক পেইজ খোলা হয়েছে। মন্ত্রণালয় ও অধীনস্ত দপ্তর/সংস্থাসমূহে ইনোভেশন টিম গঠন করা হয়েছে। এ সকল ইনোভেশন টিমের মাধ্যমে নাগরিক সেবা প্রদান ও সেবার মান বৃদ্ধিতে নতুন উদ্ভাবনকে উৎসাহিত করা হচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

মন্ত্রণালয়ের আইসিটি কার্যক্রমকে আরও গতিশীল ও যুগোপযোগী করার জন্য সক্ষম জনবল সৃষ্টি, হজ মৌসুম শুরুর সময় রেজিস্ট্রেশন কার্যক্রম শুরুর পরিবর্তে সারাবছরব্যাপি হজযাত্রীদের রেজিস্ট্রেশন চালু রাখার বিষয়ে জনগণকে সম্পৃক্তকরণ, ওয়াকফ সম্পত্তি উদ্ধারের ক্ষেত্রে মামলা নিষ্পত্তিতে দীর্ঘসূত্রতা, যাকাত বোর্ডকে কার্যকর করা বর্তমান সময়ের অন্যতম চ্যালেঞ্জ ।

**ভবিষ্যত পরিকল্পনা:**

মন্ত্রণালয়ের আইসিটি কার্যক্রমকে আরও গতিশীল ও যুগোপযোগী করা এবং সরকারের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে ই-হজ ব্যবস্থাপনার আধুনিকায়ন, স্বচ্ছতা ও দ্রুততার সাথে মানসম্মত সেবা নিশ্চিতকরণ, প্রতিটি জেলা ও উপজেলা পর্যায়ে মডেল মসজিদ নির্মাণ এবং সাম্প্রদায়িক সম্প্রীতি জোরদারকরণের মাধ্যমে সকল ধর্মাবলম্বীর পারস্পরিক সহাবস্থান নিশ্চিত করা হবে।

### ২০১৫-১৬ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- ধর্মীয় ও নৈতিক শিক্ষার প্রসারের মাধ্যমে ন্যায়ভিত্তিক সমাজ প্রতিষ্ঠায় অবদান রাখা;
- সামাজিক সচেতনতা ও ধর্মীয় জ্ঞান প্রসারের লক্ষ্যে মানসম্মত ধর্মীয় পুস্তক প্রকাশ;
- হজ ব্যবস্থাপনায় আধুনিকায়নের মাধ্যমে হজযাত্রীদের সেবার মান বৃদ্ধি।

## উপক্রমণিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৫ সালের অক্টোবর মাসের ১১ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

ধর্মীয় মূল্যবোধ সম্পন্ন অসাম্প্রদায়িক সমাজ।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

ধর্মীয় মুল্যবোধ ও নৈতিকতা বিকাশের মাধ্যমে উদার ও সাম্প্রদায়িক সম্প্রীতির সার্বজনীন সমাজ প্রতিষ্ঠা।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. ধর্মীয় মূল্যবোধ ও নৈতিকতার উন্নয়ন;
২. হজ ব্যবস্থাপনার উন্নয়ন;
৩. ধর্মীয় প্রতিষ্ঠান ও সংস্থার প্রাতিষ্ঠানিক উন্নয়ন;
৪. যাকাত ব্যবস্থাপনা শক্তিশালীকরণ।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. ইসলামিক ফাউন্ডেশন, ওয়াক্ফ প্রশাসন, হিন্দু, বৌদ্ধ ও খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্টের কার্যক্রম সংক্রান্ত গবেষণা ও তত্ত্বাবধান, উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে সার্বিক সহযোগিতা ও অনুদান প্রদান এবং অর্থ সংস্থানের উদ্যোগ গ্রহণ;
২. হজনীতি, হজ প্যাকেজ ঘোষণা, দ্বি-পাক্ষিক হজ চুক্তি সম্পাদন ও হজযাত্রীদের আবাসন ব্যবস্থাপনাসহ হজ ও ওমরাহ গমন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম এবং তীর্থ ভ্রমণ, বিদেশে গমনকারী এবং বিদেশ থেকে আগত ধর্মীয় প্রতিনিধিদল সংক্রান্ত কার্যক্রম গ্রহণ;
৩. ওয়াক্ফ-দেবোত্তর সম্পত্তির রক্ষণাবেক্ষণ ও ওয়াক্ফ এস্টেট-দেবোত্তর সম্পত্তি পরিচালনায় সহায়তা প্রদান;
৪. ধর্মীয় ক্ষেত্রে বিভিন্ন গবেষণা ও প্রকাশনার ক্ষেত্রে উন্নয়ন সাধন ও পৃষ্ঠপোষকতা প্রদান, দাতব্য প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনায় সহযোগিতা প্রদান;
৫. ধর্ম এবং ধর্মীয় বিষয় সংশ্লিষ্ট আন্তর্জাতিক সম্মেলন, সেমিনার ও সংলাপের আয়োজন ও অংশগ্রহণ, বিভিন্ন দেশ ও আন্তর্জাতিক সংস্থা ও সংগঠনসমূহের সাথে যোগাযোগ, সম্পর্ক স্থাপন, সম্পর্কের উন্নয়ন, চুক্তি ও দলিল সম্পাদন, সমঝোতা এবং কনভেশন সংক্রান্ত কার্যক্রম;
৬. ধর্মীয় ও শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে সামাজিক উন্নয়ন, গবেষণা পরিচালনা, দুর্নীতি ও সন্ত্রাসবাদ প্রতিরোধ, ধর্মীয় মূল্যবোধ, নৈতিকতা, ভ্রাতৃত্ববোধ ও সাম্প্রদায়িক সম্প্রীতি জোরদারকরণ;
৭. বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠান ও ধর্মীয় সংগঠনের সংস্কার, অনুদান প্রদান, চাঁদ দেখাসহ বিভিন্ন ধর্মীয় উপলক্ষ্য এবং উৎসব উদ্‌যাপন সংক্রান্ত কার্যক্রম;
৮. দুস্থ পুনর্বাসনের জন্য আর্থিক সহায়তা প্রদান।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা ২০১৫-২০১৬ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ | | |
| ধর্মীয় শিক্ষার সম্প্রসারিত | ধর্মীয় শিক্ষা অর্জনকারী শিক্ষার্থী | সংখ্যা | ১১৫৯২০০ | ১৪০৮২০০ | ১৬৫৭২০০ | ১৯৪১২০০ | ২১৯৫২০০ | শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | |
| সাম্প্রদায়িক সম্প্রীতি | সাম্প্রদায়িক সহিংসতা বিনষ্টকারী ঘটনার সংখ্যা | % | ০ | ০ | ০ | ০ | ০ | | |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] ধর্মীয় মূল্যবোধ ও নৈতিকতার উন্নয়ন; | ৩২ | [১.১] শিশুদের প্রাক-প্রাথমিক, ধর্মীয় ও নৈতিকতা বিষয়ে শিক্ষা প্রদান | [১.১.১] প্রাক-প্রাথমিক, ধর্মীয় ও নৈতিকতা শিক্ষাক্রম সম্পন্নকারী শিক্ষার্থী | সংখ্যা (লক্ষ) | ৭.০০ | ৮.৭০ | ৯.৩০ | ১০.০৫ | ৯.৮০ | ৯.৬০ | ৯.৪০ | ৯.৩০ | ১০.৬৫ | ১০.৯৫ |
| | | [১.২] কিশোর-কিশোরীদের কুরআন শিক্ষা প্রদান | [১.২.১] কুরআন শিক্ষা সম্পন্নকারী শিক্ষার্থী | সংখ্যা (লক্ষ) | ৫.০০ | ৪.২০ | ৬.০৯ | ৭.৯৮ | ৭.৩০ | ৭.০০ | ৬.৫০ | ৬.০৯ | ১০.২২ | ১২.৪৬ |
| | | [১.৩] ধর্মীয় শিক্ষক ও সংশ্লিষ্টদের মৌলিক প্রশিক্ষণ প্রদান | [১.৩.১] প্রশিক্ষণ সম্পন্নকারী | সংখ্যা | ২.০০ | ৫২৫০ | ৫২৫০ | ৫৮৫০ | ৫৭৯৮ | ৫৬০০ | ৫৪০০ | ৫২৫০ | ৫৮৫০ | ৫৮৫০ |
| | | [১.৪] বয়স্কদের স্বাক্ষর জ্ঞানসহ ধর্মীয় শিক্ষা প্রদান | [১.৪.১] বয়স্ক শিক্ষা সম্পন্নকারী | সংখ্যা | ৩.০০ | ২৫৪৫০ | ২৫৪৫০ | ২৫৪৫০ | ২৫০০০ | ২৪৫০০ | ২৪০০০ | ২৩৫০০ | ২৫৪৫০ | ২৫৪৫০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [১.৫] বিনামূল্যে পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ সরবরাহ করা | [১.৫.১] পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ সরবরাহকৃত | সংখ্যা (লক্ষ) | ৩.০০ | ১৩.১৫ | ১৫.৬৪ | ১৮.০০ | ১৭.৫০ | ১৭.০০ | ১৬.৫০ | ১৬.০০ | ১৮.৫০ | ১৯.০০ |
| | | [১.৬] ধর্মীয় ব্যক্তিত্বকে আর্থ-সামাজিক বিষয়ে প্রশিক্ষণ প্রদান | [১.৬.১] প্রশিক্ষণ সম্পন্নকারী ধর্মীয় ব্যক্তিত্ব | সংখ্যা | ৩.০০ | ৩৪০০ | ৩৫০০ | ৪০০০ | ৩৮০০ | ৩৭০০ | ৩৬০০ | ৩৫০০ | ৯০০০ | ১১২০০ |
| | | [১.৭] গবেষণা ও ধর্মীয় পুস্তক প্রকাশনা | [১.৭.১] প্রকাশিত পুস্তকের ধরণ (টাইটেল) | সংখ্যা | ২.০০ | ১০৪ | ১৩১ | ১৩৫ | ১৩৪ | ১৩৩ | ১৩২ | ১৩১ | ১৩৭ | ১৪০ |
| | | | [১.৭.২] প্রকাশিত পুস্তক | সংখ্যা (লক্ষ) | ২.০০ | ১৩.৪৩ | ১৪.২৭ | ১৬.৫৬ | ১৬.০০ | ১৫.৫৫ | ১৫.২৫ | ১৫.০০ | ১৮.০০ | ২০.০০ |
| | | [১.৮] দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিদের অনুদান প্রদান | [১.৮.১] অনুদান গ্রহণকারী | সংখ্যা | ৩.০০ | ২০৩০ | ১৬৮২ | ১৯০০ | ১৮৫০ | ১৮০০ | ১৭৫০ | ১৭০০ | ২০০০ | ২১০০ |
| | | [১.৯] ঈমাম ও মুয়াজ্জিনগণকে আর্থিক সহায়তা প্রদান | [১.৯.১] উপকারভোগী | সংখ্যা | ২.০০ | ২৪৫০ | ১৯৬০ | ২১৫০ | ২১০০ | ২০৫০ | ২০০০ | ১৯৬০ | ২২০০ | ২৩০০ |
| [২] হজ ব্যবস্থাপনার উন্নয়ন; | ২৫ | [২.১] হজ প্যাকেজ ঘোষণা | [২.১.১] হজ প্যাকেজ ঘোষিত | তারিখ | ৫.০০ | ১৩-০৩-২০১৪ | ১০-১২-২০১৫ | ৩১-০১-২০১৬ | ১০-০২-২০১৬ | ২০-০২-২০১৬ | ২৫-০২-২০১৬ | ২৮-০২-২০১৬ | ২০-০১-২০১৭ | ০৯-০১-২০১৮ |
| | | [২.২] রেজিস্ট্রেশনকৃত হজযাত্রীদের সফলভাবে হজে প্রেরণ | [২.২.১] হজে প্রেরিত | % | ৬.০০ | | | ৯২ | ৯০ | ৮৮ | ৮৬ | ৮৫ | ৯৩ | ৯৪ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [২.৩] হজ নির্দেশিকাসহ বিভিন্ন উপকরণ সরবরাহ | [২.৩.১] হজ নির্দেশিকা ও উপকরণ সরবরাহকৃত | % | ৩.০০ | ১০০ | ১০০ | ১০০ | ৯৮ | ৯৭ | ৯৬ | ৯৫ | ১০০ | ১০০ |
| | | [২.৪] অসুস্থ হজযাত্রীদের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান | [২.৪.১] অসুস্থ সকল হজযাত্রীদের চিকিৎসা সেবা প্রদত্ত | % | ৬.০০ | ১০০ | ১০০ | ১০০ | ৯৮ | ৯৭ | ৯৬ | ৯৫ | ১০০ | ১০০ |
| | | [২.৫] প্রাপ্ত অভিযোগ নিস্পত্তি | [২.৫.১] অভিযোগ নিস্পত্তিকৃত | % | ৫.০০ | ৮০ | ৮২ | ৮৫ | ৮৩ | ৮২ | ৮১ | ৮০ | ৮৬ | ৮৮ |
| [৩] ধর্মীয় প্রতিষ্ঠান ও সংস্থার প্রাতিষ্ঠানিক উন্নয়ন; | ২০ | [৩.১] ধর্মীয় প্রতিষ্ঠানসমূহের অনুকূলে আর্থিক সহায়তা প্রদান | [৩.১.১] মুসলিম ধর্মীয় প্রতিষ্ঠান সংস্কারকৃত | সংখ্যা | ৪.০০ | ৫৬২৪ | ৬৫০০ | ৬৪৫০ | ৬৪০০ | ৬৩৫০ | ৬৩০০ | ৬২৫০ | ৬৫০০ | ৬৫০০ |
| | | | [৩.১.২] হিন্দু ধর্মীয় প্রতিষ্ঠান সংস্কারকৃত | সংখ্যা | ২.০০ | ২০৪৩ | ২৩২৯ | ২৪০০ | ২৩৭০ | ২৩৫০ | ২৩৪০ | ২৩২৯ | ২৬০০ | ২৬২০ |
| | | [৩.১] ধর্মীয় প্রতিষ্ঠানসমূহের অনুকূলে আর্থিক সহায়তা প্রদান | [৩.১.৩] বৌদ্ধ ধর্মীয় প্রতিষ্ঠান সংস্কারকৃত | সংখ্যা | ১.০০ | ৩০০ | ২৪৬ | ৩০০ | ২৮০ | ২৭০ | ২৬০ | ২৫০ | ৩১০ | ৩২০ |
| | | | [৩.১.৪] খ্রিস্টান ধর্মীয় প্রতিষ্ঠান সংস্কারকৃত | সংখ্যা | ১.০০ | ৪৬ | ৯৫ | ১০০ | ৯৮ | ৯৭ | ৯৬ | ৯৫ | ১১০ | ১২০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [৩.২] ধর্মীয় অনুষ্ঠানের জন্য আর্থিক সহায়তা প্রদান | [৩.২.১] আর্থিক অনুদানপ্রাপ্ত প্রতিষ্ঠান | সংখ্যা | ২.০০ | ৭০০০ | ৭০০০ | ৮২০০ | ৮০৯০ | ৭৯৮০ | ৭৮৭০ | ৭৭৬০ | ৯২৫০ | ১০৩০০ |
| | | [৩.৩] ওয়াকফ এস্টেট চিহ্নিতকরণ | [৩.৩.১] ওয়াকফ এস্টেট চিহ্নিত | সংখ্যা | ৩.০০ | ২০০ | ১০০২ | ২৯০ | ২৭০ | ২৫০ | ২৩০ | ২১০ | ৩০০ | ৩৫০ |
| | | [৩.৪] ওয়াকফ সম্পত্তি ব্যবস্থাপনা | [৩.৪.১] মোতওয়াল্লী নিয়োগকৃত | সংখ্যা | ২.০০ | ২০০ | ১০০২ | ২৯০ | ২৭০ | ২৫০ | ২৩০ | ২১০ | ৩০০ | ৩৫০ |
| | | | [৩.৪.২] ওয়াকফ সম্পত্তি হতে প্রাপ্ত চাঁদা | টাকা (লক্ষ) | ২.০০ | ৫৫০.৩১ | ৫৭৭.২৫ | ৬০০ | ৫৯৬ | ৫৯০ | ৫৮২ | ৫৭৭.২৫ | ৫৯০ | ৬০০ |
| | | [৩.৪] ওয়াকফ সম্পত্তি ব্যবস্থাপনা | [৩.৪.৩] কমিটি গঠিত | সংখ্যা | ১.০০ | ২০০ | ১০০২ | ২৯০ | ২৭০ | ২৫০ | ২৩০ | ২১০ | ৩০০ | ৩৫০ |
| | | | [৩.৪.৪] ওয়াকফ সম্পত্তি অডিটকৃত | সংখ্যা | ১.০০ | ২০০০ | ২১০০ | ২৩০০ | ২২৫০ | ২২০০ | ২১৫০ | ২১০০ | ২৪০০ | ২৫০০ |
| | | [৩.৫] ওয়াকফ সম্পত্তির উন্নয়ন | [৩.৫.১] ওয়াকফ সম্পত্তি উন্নীত | সংখ্যা | ১.০০ | ৩ | ৩ | ৪ | ৩ | ৩ | ৩ | ৩ | ৫ | ৬ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৪] যাকাত ব্যবস্থাপনা শক্তিশালীকরণ। | ৬ | [৪.১] যাকাত সংগ্রহ | [৪.১.১] সংগৃহিত যাকাতের পরিমাণ | টাকা (লক্ষ) | ১.০০ | ১২১.০২ | ১৭১.৭২ | ২৬৪ | ২৩৮ | ২১১ | ১৮৫ | ১৭১.৭২ | ৩৫০ | ৪০০ |
| | | [৪.২] যাকাত প্রদান | [৪.২.১] উপকারভোগী | সংখ্যা (লক্ষ) | ১.০০ | ৩.৩৩ | ৩.৪৩ | ৩.৯২ | ৩.৮২ | ৩.৭২ | ৩.৬২ | ৩.৫২ | ৪.২০ | ৪.৭০ |
| | | [৪.৩] দরিদ্র মহিলাদের সেলাই প্রশিক্ষণ প্রদান | [৪.৩.১] প্রশিক্ষণ প্রদত্ত | সংখ্যা | ২.০০ | ১৩৮০ | ১৩৮০ | ১৩৮০ | ১৩০০ | ১২৫০ | ১২২০ | ১২০০ | ১৩৮০ | ১৩৮০ |
| | | [৪.৪] প্রত্যন্ত অঞ্চলে ইসলামিক মিশনের মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান | [৪.৪.১] চিকিৎসা সেবা গৃহিত | সংখ্যা (লক্ষ) | ২.০০ | ৮.৪৫ | ৯.৩৫ | ১০.৮৮ | ১০.২৫ | ১০.০০ | ৯.৭৫ | ৯.৫০ | ১১.০০ | ১১.৫০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৫ | [১.১] খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] প্রশিক্ষণ সমাপ্তির পর নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | দিন | ১.০০ | | | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | | |
| | | [১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৮-২০১৫ | ০১-০৯-২০১৫ | ০২-০৯-২০১৫ | ০৩-০৯-২০১৫ | ০৪-০৯-২০১৫ | | |
| | | [১.৩] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | | | | |
| | | [১.৪] আওতাধীন সংস্থার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর | [১.৪.১] সমঝোতা স্মারক স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৫ | ১৯-১০-২০১৫ | ২২-১০-২০১৫ | ২৬-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | | |
| | | [১.৫] বার্ষিক কর্মসম্পাদন-এর সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৫.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] পরিবর্তিত ফরম্যাটে সিটিজেন্স চার্টার প্রণয়ন | [২.১.১] পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগের সিটিজেন্স চার্টার ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | | [২.১.২] অধিদপ্তর/সংস্থার সিটিজেন্স চার্টার প্রণীত ও প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | [২.২] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.২.১] নিস্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.১.১] শুদ্ধাচার বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো (monitoring framework) প্রণীত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [৩.১.২] জুন/২০১৬ এর মধ্যে শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়িত কার্যক্রম | % | ১.০০ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.২] কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | [৩.২.১] প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৪] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | [৪.১] তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন | [৪.১.১] তথ্য প্রকাশ নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.২] আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | [৪.২.১] আওতাধীন সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সঙ্কলন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | [৪.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ১৫-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | ১৫-১১-২০১৫ | ৩০-১১-২০১৫ | ১৫-১২-২০১৫ | | |
| [৫] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | [৫.১] বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | [৫.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | | |
| | | [৫.২] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৫.২.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

ড. চৌধুরী মোঃ বাবুল হাসান
সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

তারিখ ১১.১০.১৫

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

১১/১০/১৫
তারিখ

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.১] শিশুদের প্রাক-প্রাথমিক, ধর্মীয় ও নৈতিকতা বিষয়ে শিক্ষা প্রদান | [১.১.১] প্রাক-প্রাথমিক, ধর্মীয় ও নৈতিকতা শিক্ষাক্রম সম্পন্নকারী শিক্ষার্থী | মসজিদ, মন্দির, প্যাগোডাভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের আওতায় প্রাক –প্রাথমিক শিক্ষার্থীরা শিক্ষা গ্রহন করছে। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৩০ জন শিক্ষার্থী শিক্ষা গ্রহন করছেন। | ইসলামিক ফাউন্ডেশন, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট এবং বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন এবং আইএমইডি'র প্রতিবেদন | |
| [১.২] কিশোর-কিশোরীদের কুরআন শিক্ষা প্রদান | [১.২.১] কুরআন শিক্ষা সম্পন্নকারী শিক্ষার্থী | মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের আওতায় পবিত্র কোরআন শিক্ষা প্রদান করা হচ্ছে। প্রতিটি কোরআন শিক্ষা কেন্দ্রে ৩৫ জন শিক্ষার্থী শিক্ষা গ্রহণ করছেন। | ইসলামিক ফাউন্ডেশন | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন এবং আইএমইডি'র প্রতিবেদন | |
| [১.৩] ধর্মীয় শিক্ষক ও সংশ্লিষ্টদের মৌলিক প্রশিক্ষণ প্রদান | [১.৩.১] প্রশিক্ষণ সম্পন্নকারী | শিক্ষক ও সংশ্লিষ্টদের মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। | ইসলামিক ফাউন্ডেশন, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন এবং আইএমইডি'র প্রতিবেদন | |
| [১.৪] বয়স্কদের স্বাক্ষর জ্ঞানসহ ধর্মীয় শিক্ষা প্রদান | [১.৪.১] বয়স্ক শিক্ষা সম্পন্নকারী | মসজিদ ও মন্দিরভিত্তিক বয়স্ক শিক্ষা কার্যক্রমের মাধ্যমে প্রতিটি ব্যাচে ২৫ জন শিক্ষার্থী শিক্ষা নিচ্ছেন। | ইসলামিক ফাউন্ডেশন, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন এবং আইএমইডি'র প্রতিবেদন | |
| [১.৫] বিনামূল্যে পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ সরবরাহ করা | [১.৫.১] পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ সরবরাহকৃত | মসজিদ, মন্দির, প্যাগোডাভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের আওতায় এবং কোরআন শিক্ষা কেন্দ্রের শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যে পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ সরবরাহ করা হচ্ছে। | ইসলামিক ফাউন্ডেশন, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট এবং বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন এবং আইএমইডি'র প্রতিবেদন | |
| [১.৬] ধর্মীয় ব্যক্তিত্বকে আর্থ-সামাজিক বিষয়ে প্রশিক্ষণ প্রদান | [১.৬.১] প্রশিক্ষণ সম্পন্নকারী ধর্মীয় ব্যক্তিত্ব | ইমাম প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে ইমাম, মুয়াজ্জিনসহ বিভিন্ন ধর্মীয় ব্যক্তিত্বকে আর্থ-সামাজিক ও ধর্মীয় বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। | ইমাম প্রশিক্ষণ একাডেমি, ইসলামিক ফাউন্ডেশন | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন এবং ইসলামিক ফাউন্ডেশন'র প্রতিবেদন | |
| [১.৭] গবেষনা ও ধর্মীয় পুস্তক প্রকাশনা | [১.৭.১] প্রকাশিত পুস্তকের ধরন (টাইটেল) | ইসলামিক ফাউন্ডেশন প্রতিবছর ধর্মীয় নানা বিষয়ে পুস্তক প্রকাশ করে থাকে। এসকল পুস্তক দেশব্যাপী ইসলামিক ফাউন্ডেশনের বিক্রয়কেন্দ্র এবং আন্তর্জাতিক বইমেলায় বিক্রয় করা হয়ে থাকে। | ইসলামিক ফাউন্ডেশন | ইসলামিক ফাউন্ডেশনের প্রতিবেদন | |
| | [১.৭.২] প্রকাশিত পুস্তক | ইসলামিক ফাউন্ডেশন প্রতিবছর ধর্মীয় নানা বিষয়ে পুস্তক প্রকাশ করে থাকে। এসকল পুস্তক দেশব্যাপী ইসলামিক ফাউন্ডেশনের বিক্রয়কেন্দ্র এবং আন্তর্জাতিক বইমেলায় বিক্রয় করা হয়ে থাকে। | ইসলামিক ফাউন্ডেশন | ইসলামিক ফাউন্ডেশনের প্রতিবেদন | |
| [১.৮] দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিদের অনুদান প্রদান | [১.৮.১] অনুদান গ্রহণকারী | প্রতিবছর দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিদের আত্ম-কর্মসংস্থানের জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয় অনুদান প্রদান করে থাকে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন এবং হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের প্রতিবেদন। | |
| [১.৯] ঈমাম ও মুয়াজ্জিনগণকে আর্থিক সহায়তা প্রদান | [১.৯.১] উপকারভোগী | দুঃস্থ ও দরিদ্র ইমামদের আর্থিক সহায়তার জন্য প্রতিবছর ইমামও মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্ট হতে অনুদান প্রদান করা | ইসলামিক ফাউন্ডেশন | ইসলামিক ফাউন্ডেশনের প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [২.১] হজ প্যাকেজ ঘোষণা | [২.১.১] হজ প্যাকেজ ঘোষিত | প্রতি বছর মন্ত্রিসভার অনুমোদনক্রমে হজ প্যাকেজ ঘোষণার মাধ্যমে হজ কার্যক্রম শুরু হয়ে থাকে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | প্রকাশিত হজ প্যাকেজ | |
| [২.২] রেজিস্ট্রেশনকৃত হজযাত্রীদের সফলভাবে হজে প্রেরণ | [২.২.১] হজে প্রেরিত | হজ ইচ্ছুক সকল হজযাত্রীদের অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করে অন্যান্য শর্তাদি পুরণ সাপেক্ষে সকল হজযাত্রীদের হজ প্রেরণ নিশ্চিত করা হয়। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং হজ অফিস, ঢাকা | রেজিস্ট্রেশনকৃত হজযাত্রী | |
| [২.৩] হজ নির্দেশিকাসহ বিভিন্ন উপকরণ সরবরাহ | [২.৩.১] হজ নির্দেশিকা ও উপকরণ সরবরাহকৃত | হজ নিয়মাবলী সংক্রান্ত হজ নির্দেশিকা এবং অন্যান্য উপকরণ হজযাত্রীদের সরবরাহ করা হয়। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং হজ অফিস, ঢাকা | সরবরাহকৃত হজ নির্দেশিকা ও অন্যান্য উপকরণ | |
| [২.৪] অসুস্থ হজযাত্রীদের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান | [২.৪.১] অসুস্থ সকল হজযাত্রীদের চিকিৎসা সেবা প্রদত্ত | প্রতি বছর হজ মৌসুমে মক্কা, মদিনা ও জেদ্দায় হজযাত্রীদের বিনামূল্যে ঔষধসহ চিকিৎসা সেবা প্রদান করা হয়। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, হজ অফিস, জেদ্দা | চিকিৎসা সেবা প্রাপ্ত হজযাত্রী | |
| [২.৫] প্রাপ্ত অভিযোগ নিস্পত্তি | [২.৫.১] অভিযোগ নিস্পত্তিকৃত | হজ মৌসুমে হজযাত্রী ও হজ এজেন্টদের অভিযোগসমূহ যথাসময়ে নিস্পত্তি করা হয়। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, হজ অফিস, ঢাকা ও হজ অফিস, জেদ্দা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, হজ অফিস, ঢাকা ও হজ অফিস, জেদ্দার প্রতিবেদন | |
| [৩.১] ধর্মীয় প্রতিষ্ঠানসমূহের অনুকূলে আর্থিক সহায়তা প্রদান | [৩.১.১] মুসলিম ধর্মীয় প্রতিষ্ঠান সংস্কারকৃত | দেশের মসজিদ, ঈদগাহ, কবরস্থান মেরামত/সংস্কারের জন্য প্রতিবছর অনুদান প্রদান করা হয়ে থাকে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। | |
| | [৩.১.২] হিন্দু ধর্মীয় প্রতিষ্ঠান সংস্কারকৃত | দেশের মন্দির, শশ্মান মেরামত/সংস্কারের জন্য প্রতিবছর অনুদান প্রদান করা হয়ে থাকে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন এবং হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্টের প্রদিবেদন। | |
| | [৩.১.৩] বৌদ্ধ ধর্মীয় প্রতিষ্ঠান সংস্কারকৃত | দেশের প্যাগোডা, শশ্মান মেরামত/সংস্কারের জন্য প্রতিবছর অনুদান প্রদান করা হয়ে থাকে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন এবং বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের প্রদিবেদন। | |
| | [৩.১.৪] খ্রিস্টান ধর্মীয় প্রতিষ্ঠান সংস্কারকৃত | দেশের গীর্জা, সেমিট্রি মেরামত/সংস্কারের জন্য প্রতিবছর অনুদান প্রদান করা হয়ে থাকে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন এবং খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্টের প্রদিবেদন। | |
| [৩.২] ধর্মীয় অনুষ্ঠানের জন্য আর্থিক সহায়তা প্রদান | [৩.২.১] আর্থিক অনুদানপ্রাপ্ত প্রতিষ্ঠান | দুর্গাপুজা, বৌদ্ধ পূর্ণিমাসহ অন্যান্য অনুষ্ঠানে অনুদান প্রদান করা হয়ে থাকে। | হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন এবং হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের প্রদিবেদন। | |
| [৩.৩] ওয়াকফ এস্টেট চিহ্নিতকরণ | [৩.৩.১] ওয়াকফ এস্টেট চিহ্নিত | বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়ের অধীন ওয়াক্ফ সম্পত্তি চিহ্নিত কার্যক্রম অব্যাহত আছে। | বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয় | বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়ের প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [৩.৪] ওয়াকফ সম্পত্তি ব্যবস্থাপনা | [৩.৪.১] মোতওয়াল্লী নিয়োগকৃত | চিহ্নিত সকল ওয়াক্‌ফ সম্পত্তি ব্যবস্থাপনার জন্য মোতওয়াল্লী নিয়োগ করা হয় | বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসকের কার্যালয় | বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসকের কার্যালয়ের প্রতিবেদন | |
| | [৩.৪.২] ওয়াকফ সম্পত্তি হতে প্রাপ্ত চাঁদা | বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসকের কার্যালয় প্রতিটি ওয়াক্‌ফ সম্পত্তির আয় হতে ৫% হারে চাঁদা সংগ্রহ করে থাকে | বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসকের কার্যালয় | বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসকের কার্যালয়ের প্রতিবেদন | |
| | [৩.৪.৩] কমিটি গঠিত | চিহ্নিত সকল ওয়াক্‌ফ সম্পত্তি ব্যবস্থাপনার জন্য কমিটি গঠন করা হয়। | বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসকের কার্যালয় | বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসকের কার্যালয়ের প্রতিবেদন | |
| | [৩.৪.৪] ওয়াকফ সম্পত্তি অডিটকৃত | বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসকের কার্যালয় কর্তৃক বাৎসরিক আয় ও ব্যয়ের হিসাব অডিট করা হয়। | বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসকের কার্যালয় | বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসকের কার্যালয়ের প্রতিবেদন | |
| [৩.৫] ওয়াকফ সম্পত্তির উন্নয়ন | [৩.৫.১] ওয়াকফ সম্পত্তি উন্নীত | ওয়াক্‌ফ সম্পত্তির আয় বৃদ্ধির লক্ষ্যে ওয়াক্‌ফ সম্পত্তির উন্নয়ন করা হয়ে থাকে | বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসকের কার্যালয় | বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসকের কার্যালয়ের প্রতিবেদন | |
| [৪.১] যাকাত সংগ্রহ | [৪.১.১] সংগৃহিত যাকাতের পরিমাণ | প্রতিবছর ইসলামিক ফাউন্ডেশনের অধীন যাকাত প্রদানকারী ব্যক্তিদের নিকট থেকে যাকাত সংগ্রহ করে যাকাত তহবিলে জমা করা হয়। | ইসলামিক ফাউন্ডেশন | ইসলামিক ফাউন্ডেশনের প্রতিবেদন | |
| [৪.২] যাকাত প্রদান | [৪.২.১] উপকারভোগী | সংগৃহিত যাকাত হতে গরীব ও দুঃস্থদের যাকাত প্রদান করা হয়। | ইসলামিক ফাউন্ডেশন | ইসলামিক ফাউন্ডেশনের প্রতিবেদন | |
| [৪.৩] দরিদ্র মহিলাদের সেলাই প্রশিক্ষণ প্রদান | [৪.৩.১] প্রশিক্ষণ প্রদত্ত | গ্রামীন দুঃস্থ মহিলাদের আর্থ-সামাজিক উন্নয়নে সেলাই প্রশিক্ষণ প্রদান করে সেলাই মেশিন সরবরাহ করা হয়ে থাকে। | ইসলামিক ফাউন্ডেশন | ইসলামিক ফাউন্ডেশনের প্রতিবেদন | |
| [৪.৪] প্রত্যন্ত অঞ্চলে ইসলামিক মিশনের মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান | [৪.৪.১] চিকিৎসা সেবা গৃহিত | প্রত্যন্ত অঞ্চলের দরিদ্রও দুঃস্থদেরকে বিনামূল্যে ঔষধসহ স্বাস্থ্য সেবা প্রদান করা হয়ে থাকে। | ইসলামিক ফাউন্ডেশন | ইসলামিক ফাউন্ডেশনের প্রতিবেদন | |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয় | অসুস্থ সকল হজযাত্রীদের চিকিৎসা সেবা প্রদত্ত | হজ মৌসুমে হজযাত্রীদের চিকিৎসা সেবা নিশ্চিত করার জন্য চাহিদা অনুযায়ী ডাক্তার, নার্স, ফার্মাসিস্ট মনোনয়ন প্রদান | অসুস্থ হজযাত্রীদের চিকিৎসা সেবা প্রদানের জন্য ডাক্তার, নার্স ও ফার্মাসিস্ট অপরিহার্য | প্রতি হাজার হজযাত্রীর বিপরীতে সর্বোচ্চ ০১ জন মেডিক্যাল টিমের সদস্য | হজযাত্রীদের চিকিৎসা সেবা নিশ্চিত করা সম্ভব হবে না। |